# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬৩/শিক্ষা মন্ত্রণালয়/৮৬৮ তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৮/০৯/২০২৫ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ এর জারিকৃত পরিপত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি সংক্রান্ত প্রদত্ত নির্দেশনা প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

সংযুক্তি: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর ০৮/০৯/২০২৫ তারিখের পরিপত্র।

09.9.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

09.09.2025

D:/Khairuzzaman Chowdhury/Notice.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

## পরিপত্র

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত।**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/নিয়মিত কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত এডহক কমিটির মেয়াদ শেষ হয়েছে অথবা চলমান রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ সকল শিক্ষা বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

(খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো এডহক কমিটি গঠন হয়নি, উক্ত প্রবিধানমালা ২০২৪ (সংশোধনীসহ) মোতাবেক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এডহক কমিটি গঠন করত: ৩০/১১/২০২৫ তারিখের মধ্যে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

(গ) সকল এডহক কমিটি ০১/১২/২০২৫ তারিখ হতে বিলুপ্ত হবে।

(ঘ) কমিটি গঠনে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং বিধিমতে ব্যবস্থাদির আওতায় আসবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৮.০৯.২৫

(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

চলমান পাতা-২

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ তারিখ : ২৪ ভাদ্র ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর ২০২৫

**বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/বিশ্ববিদ্যালয়/উন্নয়ন/মাধ্যমিক-১/২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল) -----------------------------------------------------------------------------।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল /কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর /ময়মনসিংহ **(পরিপত্রের নির্দেশনা অনুযায়ী জরুরীভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)**।
৮. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক/অডিট/আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০. জেলা প্রশাসক -------------------------------(সকল)।
১১. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ........................................................................ (সকল)।
১৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।
১৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা........................................................ (সকল অঞ্চল) ।
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক ..........................................................................................।
১৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ....................................................... (সকল অঞ্চল)।
১৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. জেলা শিক্ষা অফিসার............................ ........................................................ (সকল) ।
২০. জেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ---------------------------- (সকল)।
২১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার .................................................. (সকল)।
২২. অফিস কপি।

০৮.০৯.২৫

(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব